দামুড়হুদা জয়রামপুর কৃষকের রাতের আঁধারে পেঁপে বাগান কেটে দিয়েছে দুর্বৃত্তরা

দামুড়হুদা জয়রামপুর রাতের আঁধারে কৃষকের পেঁপে বাগান কেটে দিয়েছে দুর্বৃত্তরা। আজ সোমবার সকাল ১১টার সময় ভুক্তভোগী বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করে।

অভিযোগ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার জয়রামপুর শেখ পাড়ার খন্দকার আব্দুর রহমানের ছেলে খন্দকার মানিক (৩৫) জয়রামপুর রামপুরচাড়া মাঠে বিগত এক বছর পূর্ব থেকে ২ বিঘা জমি বন্ধক নিয়ে চাষাবাদ করে আসছে। গতকাল রবিবার দিবাগত গভীর রাতে কে বা করা অজ্ঞাতনামা দুর্বৃত্তরা পেঁপে বাগানে অনুপ্রবেশ করে ধরন্ত ফুলন্ত ২০০ টি পেঁপে গাছ কেটে দিয়েছে। এতে প্রায় ৩ লক্ষ টাকার ক্ষয় ক্ষতি হয়েছে। তারা চাষাবাদ করে জীবিকা নির্বাহ করে। সাম্প্রতিক সময়ে দুর্বৃত্তরা বিভিন্ন স্থানে জমির ফসল নষ্ট করছে বলে বিভিন্ন পত্র পত্রিকায় সংবাদ প্রকাশ হয়েছে। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ঘটনাস্থল পরিদর্শন করেন।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হুমায়ুন কবির বলেন, এটা খুবই দুঃখ জনক ঘটনা। অভিযোগ পেয়েছি। তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলমডাঙ্গায় সাবেক ইউপি চেয়ারম্যানসহ গ্রেপ্তার ৬

আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল হালিমসহ ৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল শনিবার(৯ নভেম্বর) দিনগত রাতে তাদেরকে গ্রেফতার করে পরদিন

আজ আদালতে সোপর্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামীরা হলেন পাঁচকমলাপুর গ্রামের মৃত সৈয়দ আলী মন্ডলের ছেলে খাদিমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি ও সাবেক চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল (৬৩), খাদিমপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে আব্বাস আলী (২৪), একই গ্রামের আশাদুল ইসলামের ছেলে আনারুল ইসলাম আনন্দ(২৮), বেলগাছী গ্রামের জয়নাল মন্ডলের ছেলে কামাল হোসেন (৫৩), ওসমানপুর গ্রামের মৃত ফজলু হোসেনের ছেলে আসানুজ্জামান ঝন্টু (৪৫) ও ভোদুয়া গ্রামের মৃত তৈহির উদ্দিনের ছেলে ইছাহক আলী(৫০)।

ইতোপূর্বে লক্ষীপুর গ্রামের আবুল হোসেনের ছেলে মহাসীন আলী বাদী হয়ে ৯ নভেম্বর রাতে ৪২ জনের নাম উল্লেখসহ আরও ৫০/৬০ জন অজ্ঞাত ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করেন।

মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে যে, ২০২৩ সালের ১১ ফেব্রুয়ারি দুপুর সাড়ে ৩টায় বিএনপির কেন্দ্রীয় ঘোষিত ইউনিয়ন পদযাত্রার কর্মসুচি থাকায় মহাসিন আলীসহ ৩০/৪০ জন বিএনপি নেতাকর্মি পদযাত্রায় অংশ গ্রহণের জন্য যাচ্ছিলেন। খাদিমপুর ইউনিয়নের পাঁচকমলাপুর গ্রামের হায়দার মোড়ে পৌঁছালে আওয়ামীলীগের উশৃংখল নেতা-কর্মিরা দেশীয় অস্ত্র নিয়ে পরিকল্পিতভাবে বিএনপি নেতাকর্মীদের উপর হামলা, মারপিট করে ও ককটেল বিষ্ফোরণ ঘটায়। ৫ টি মোটরসাইকেল কেড়ে নেওয়া হয়।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মাসুদুর রহমান জানান, গত বছর কেন্দ্র ঘোষিত পদযাত্রায় অংশ নিতে যাওয়ার সময় বিএনপি নেতাকর্মীদের উপর হামলা মামলায় তাদেরকে গ্রেফতার করা হয়েছে।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে ফেনসিডিলসহ ১ মহিলা

আটক

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে কার্পাসডাঙ্গা থেকে ১৫ বোতল অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিলসহ ১ জন মহিলাকে আটক করেছে দামুড়হুদা মডেল থানার অন্তগত কার্পাসডাঙ্গা ফাঁড়ি পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে কার্পাসডাঙ্গা বাজারের বন্ধু টেলিকমের সামনে থেকে তাকে হাতেনাতে আটক করা হয়।

গ্রেফতারকৃত মহিলা হলো দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের মুন্সিপুর গ্রামের মাঝের পাড়ার বিল্লালের মেয়ে নাসরিন বেগম (৩৫)পুলিশ সুত্রে জানাগেছে, গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার খন্দকার গোলাম মাওলা মহোদয় ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীরের নির্দেশনায় কার্পাসডাঙ্গা ফাঁড়ি ইনচার্জ এস আই এস এম নিয়ামুল হক সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানের ডিউটি পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা বাজারের বন্ধু টেলিকমের সামনে থেকে নাসরিন বেগমকে অবৈধ মাদকদ্রব্য ১৫ বোতল ফেন্সিডিলসহ তাকে হাতেনাতে আটক করে। বর্তমানে তার বিরুদ্ধে মামলা রজু করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ন কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, একজন মহিলাকে অবৈধ মাদকদ্রব্য ১৫ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়েছে। আজ রবিবার আসামিকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

জীবননগর সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রধান অতিথির বক্তব্যে কৃষিবিদ মাসুদুর রহমান সরকার বলেন, সরিষা তেলজাতীয় ফসল। এই ফসলের মাধ্যমে তিনটি উপাদান পাওয়া যায়। সেগুলো হলো তেল, মধু ও জ্বালানি কাঠ পাওয়া যায়। সরিষা চাষে যেমন শারীরিক উপকারে আসে তেমনি আর্থিকভাবেও স্বাবলম্বী করে তোলে। আপনাদের এলাকায় সরিষা চাষে ব্যাপক সাড়া পাওয়াই এঅঞ্চলে মৌসুমে হলুদ ফুলে ছেয়ে যায়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- যশোর আঞ্চলিক তেলজাতীয় ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্পের মনিটরিং অফিসার কৃষিবিদ এ,এইচ,এম জাহাঙ্গীর আলম, উপসহকারী কৃষি আবু জাফর ওবাইদুল্লাহ, উপসহকারী কৃষি অফিসার হুমায়ন কবির, রফিকুল ইসলাম, মতিয়ার রহমান, পাপিয়া খাতুন, শারমিন আক্তার, সেলিনুর রহমান। এছাড়া আলোচনা সভার আগে কৃষকদের মাঝে সরিষা ও ভুট্রা উৎপাদনে বৃদ্ধির লক্ষ্যে লিফলেট বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গায় আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা: চ্যাম্পিয়ন ইতিহাস বিভাগ

চুয়াডাঙ্গা সরকারি কলেজের আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল সাড়ে দশটায় চুয়াডাঙ্গা সরকারি কলেজ মাঠ প্রাঙ্গণে এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা সরকারি কলেজ কৃষিশিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান ও আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সহযোগী অধ্যাপক রুহুল আমিনের সভাপতিত্বে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশীদ।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন জয়-পরাজয় মিলেই খেলাধুলা। এটা মেনে নিয়ে এগিয়ে যাওয়ার মানসিকতা তৈরি করতে অত্যন্ত জরুরী। খেলাধুলা শারীরিক গঠন, মানসিক বিকাশ ও নেতৃত্ব গড়ে তুলতে সহায়তা করে। তাই লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা একান্তভাবে জরুরী। তিনি বিজয়ী, বিজিত ও খেলায় অংশগ্রহণকারী- সবাইকে অভিনন্দন জানান।

এ সময় তিনি আরও বলেন, আগামী স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট নাগরিকের পাশাপাশি স্মার্ট খেলোয়াড় দরকার। তাই বেশি বেশি খেলার অনুশীলনী করতে হবে। যারা খেলাধুলা করেন, তাঁদের মন ভালো থাকে, তাঁরা শান্তিতে থাকেন। মাদক, সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা থেকে দূরে থাকেন। এ সময় তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজ বেশি বেশি সকল প্রকার খেলাধুলা আয়োজন করার প্রত্যয় ব্যক্ত করেন এবং আগামীতে আরও বড় প্রতিসরে খেলা আয়োজনে হবে বলে জানান তিনি। পুরুষ্কার বিতরণ শেষে টুর্নামেন্ট সফল করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, রোভার স্কাউটস, রেড ক্রিসেন্ট ও বিএসিসি সদস্য সকলকে আন্তরিকতার সাথে ধন্যবাদ জ্ঞাপন করেন।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের নিজস্ব তত্বাবধানে আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট শুরু হয়। মোট ১৫টি বিভাগের খেলোয়াড়দের অংশগ্রহণ টুর্নামেন্টে প্রাণবন্ত হয়ে ওঠে। ফাইনাল খেলায় চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইতিহাস বিভাগ ও অর্থনীতি বিভাগ অংশগ্রহণ করে। নিদিষ্ট সময় শেষে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ইতিহাস বিভাগ। খেলায় নিদিষ্ট সময় পার হলেও কোন দল গোল না পাওয়াই খেলা গড়াই ট্রাইবেকারে। ট্রাইবেকারে ৫টি শুট আউট করে ইতিহাস ৪ ও অর্থনীতি বিভাগ ৩ গোল করতে সক্ষম হয়।

টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধাক্ষ্য ফারজানা কেতকী, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক নজরুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন, ইসলামের ইতিহাস ও সাংস্কৃতিক বিভাগের সহযোগী অধ্যাপক সফিকুল ইসলাম, হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান আবুল কালাম আজাদ, সহযোগী অধ্যাপক আবু বক্কর সিদ্দিক,সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান, সহযোগী অধ্যাপক মতিউর রহমান, সহযোগী অধ্যাপক হাফিজুর রহমান, সহযোগী অধ্যাপক দেলোয়ার হোসেন, প্রভাষক ইয়াজিদ হোসেন, প্রভাষক তুষার আহমেদ, প্রভাষক

আজিম হোসেন সহ চুয়াডাঙ্গা সরকারি কলেজের বিভিন্ন বিভাগের সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষক বৃন্দ উপস্থিত ছিলেন। খেলা শেষে ইতিহাস বিভাগের হাতে চ্যাম্পিয়ন ট্রফি ও অর্থনীতি বিভাগের খেলোয়াড়দের হাতে ট্রফি তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশীদ।

দামুড়হুদায় মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদার জয়রামপুরে ২০২৪-২০২৫ অর্থ বছরে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রদর্শনীর মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বেলা ১২টার সময় উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে জয়রামপুর শেখ পাড়ায় রুহুল আমিনের আম বাগানে এই মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ মাসুদুর রহমান সরকার।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর অঞ্চলের তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের মনিটরিং অফিসার এ এইচ এম জাহাঙ্গীর আলম।

এ ছাড়াও অতিরিক্ত উপ-পরিচালক (শস্য) কৃষ্ণ রায়, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, উপ-সহকারী কৃষি অফিসার জালাল উদ্দীন, খালিদ সাইফুল্লাহ, মুকুল হোসেন, হাবিবুর রহমান সহ স্থানীয় কৃষক কৃষাণী উপস্থিত ছিলেন।

দর্শনায় ৯৬ বোতল ভারতীয় ফেনসিডিলসহ যুবক আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৯৬ বোতল ভারতীয় ফেনসিডিলসহ রমজান আলীকে (২৮) আটক করেছে।

আটককৃত মাদক ব্যবসায়ী রমজান আলী দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা নতুন পাড়ার আয়ুব আলীর ছেলে।

জানাযায় শনিবার (৯ নভেম্বর) ভোর ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা নতুনপাড়ার আয়ুব আলীর কলাবাগানের ভিতরে।

এ সময় দর্শনা থানার এস আই অনুজ কুমার সরকার গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে কলাবাগানের ভিতর থেকে প্লাষ্টিকে মোড়ানো ৯৬ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।পরে পুলিশ দেখে দৌড়ে পালানোর সময় রমজান আলীকে আটক করে।

এ ঘটনায় এস আই অনুজ কুমার সরকার বাদি হয়ে দর্শনা থানায় মাদক আইনে মামলা দায়ের করেন। আজ তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

আলমডাঙ্গায় ওয়ার্ড বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা পৌরসভার ৮ নং ওয়ার্ড বিএনপির মত বিনিময় সভা অনুষ্ঠানে হয়েছে। আজ শুক্রবার (০৮ নভেম্বর) রাত ৮ টার দিকে ৮নং ওয়ার্ডের নওদাবন্ডবিলে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

মতবিনিময় সভায় ৮নং ওয়ার্ড বিএনপির সভাপতি আলিম উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক আসিফ আল-নূর তানিম।

এ সময় তিনি বলেন, আমরা আজকে যেভাবে একত্রিত হয়ে মত বিনিময় সভা করছি, সে ভাবে আমাদের একসাথে বসার কোন সুযোগ ছিলো না, আজকে স্বৈরাচার হাসিনার পতনের পর যেভাবে পালিয়ে গিয়েছে, তাকে পালিয়ে যেতে দেওয়া ঠিক হয়নি। হাসিনা পালিয়ে গেলেও তার দোসররা আমাদের আশে পাশে আছে। তারা যেনো আমাদের উপরে খবরদারি করতে না পারে সেদিকে সবাইকে সজাগ থাকতে হবে। তিনি বলেন,আমাদের সবাইকে শরিফুজ্জামান শরিফ ভাইয়ের হাতকে শক্তিশালী করতে হবে।

আলমডাংগা পৌর ছাত্রদলের আহবায়ক আতিক হাসনাত রিংকুর সঞ্চালনায় বক্তব্য রাখেন আলমডাংগা উপজেলা ছাত্রদলের আহবায়ক জাহিদ হাসান শুভ, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আল ইমরান রাসেল পৌর বিএনপি সাবেক সাধারণ সম্পাদক মোঃ সেকেন্দার আলী, ৮নং ওয়ার্ড সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম নান্নু সিনিয়র সহ-সভাপতি হায়দার আলী, সহ-সভাপতি আব্দুর রশিদ সাংগঠনিক সম্পাদক মোঃ আজম আলী, পৌর যুবদলের যুগ্ন আহবায়ক হাফিজুর ইসলাম, ৮ নং ওয়ার্ড যুবদলের সভাপতি উজ্জল যুগ্ন সম্পাদক আব্দুল মিয়া, ৬ নং ওয়ার্ড বিএনপির সহ সভাপতি আকুল আলী, পৌর যুবদলের যুগ্ন আহবায়ক হাফিজুর রহমান, লিলি, আলমডাঙ্গা ছাত্রদলের যুগ্ন আহবায়ক ওয়াহিদুজ্জামান শুভ ৮নং ওয়ার্ড ছাত্রদলের প্রচার সম্পাদক কাজল রহমান এ ছাড়াও আলমডাঙ্গা ০৮নং ওয়ার্ড বিএনপির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় জেলা জামায়াতের আয়োজনে রুকন সম্মেলন অনুষ্ঠিত

জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন- বর্তমান আন্তবর্তী সরকারকে অনেক চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে, ৫ আগস্ট বিপ্লবের পর পাল্টা প্রতিবিপ্লবের চক্রান্ত করছে হাসিনা। ফ্যাসিস্ট সরকারের দলবাজ প্রধান বিচারপতি নতুন

অন্তর্বর্তীকালীন সরকারকে অবৈধ বলে চক্রান্ত করেছিল। তবে ছাত্রজনতা তাদের সেই ষড়যন্ত্র ব্যর্থ করে দিয়েছে। দেশ সংস্কারে যতটুকু সময় দরকার ততটুকু সময় অবশ্যই দেয়া হবে। কিন্তু অর্নিদিষ্ট সময় পর্যন্ত এটা চলতে পারে না। শেখ হাসিনা দেশের বাইরে বসে দেশবিরোধী ষড়যন্ত্রে লিপ্ত আছে। নানান অডিও-ভিডিও দিয়ে অপপ্রচার করা হচ্ছে। কখনো বলা যাচ্ছে, যেকোন সময় দেশে ঢুকে পড়বে আবার কখনো বলছে ডিসেম্বরের মধ্যে কাজ সারতে হবে।

আওয়ামী লীগের রাজনীতি প্রসঙ্গে জামায়াত নেতা আরও বলেন, এমন হত্যা, নারকীয় তান্ডব চালানো নিষ্ঠুর বর্বর খুনী শাসককে দেশের মানুষ আর ক্ষমতায় বসতে দিবে না। তাদের রাজনীতি আর নির্বাচনে আসার নৈতিক অধিকার নেই। আওয়ামী লীগ শুধু ফ্যাসিস্টই নয়, স্যাডিস্ট। হাসিনা যে অপরাধ করেছে তা শুধু ফ্যাসিস্ট বলে কভার করা যায় না, তিনি স্যাডিস্টও। কারন, সে মানুষের দুঃখ, কষ্ট, বেদনা, খুন, গুম দেখে ইনজয় করেছে। সকল খুনের মাস্টারমানইন্ড শেখ হাসিনাই ইতিহাসের শ্রেষ্ঠতম স্যাডিস্ট। জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার চুয়াডাঙ্গার দর্শনায় চুয়াডাঙ্গা জেলা জামায়াত আয়োজিত বিশেষ রুকন (সদস্য) সম্মেলনে এসব কথা বলেন।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) দুপুর আড়াইটায় জেলার দর্শনা পৌর অডিটোরিয়াম কাম-কমিউনিটি সেন্টারে জেলা জামায়াতের আয়োজিত বিশেষ রুকন সম্মেলনে অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর মোঃ রুহুল আমীনের সভাপতিত্বে অনুষ্ঠিত রুকন সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য দেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও যশোর-কুষ্টিয়া আঞ্চল পরিচালক মোবারক হোসাইন।

জেলা জামায়াতের সেক্রেটারী এ্যাডভোকেট মোঃ আসাদুজ্জামানের সঞ্চালনায় সমাবেশে শুভেচ্ছা বক্তব্য রাখেন যশোর-কুষ্টিয়ার অঞ্চল টিম সদস্য ড. আলমগীর বিশ্বাস, মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজউদ্দীন খান প্রমুখ।

এর আগে ২০২৫-২৬ সেশনের জন্য জেলা আমীর হিসেবে পুনঃনির্বাচিত মোঃ রুহুল আমিনকে শপথ বাক্য পাঠ করান অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। সন্মেলনে জামায়াতের জেলার ৮টি সাংগঠনিক থানার দেড় হাজারেরও বেশী রুকন উপস্থিত ছিলেন।

বিশেষ অতিথির বক্তব্যে কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মোঃ

মোবারক হোসাইন বলেন- জামায়াতের রুকনদের উদ্দেশ্যে আল্লাহর ঘোষনা ও বাইয়াত অনুযায়ী নামাজ, কুরবানী, জীবন ও মরণ আল্লাহর নির্দেশনা মোতাবেক পরিচালিত করতে আহবান জানান।

সন্মেলনে চুয়াডাঙ্গা জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান, সহকারী সেক্রেটারী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল, জীবননগর উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান, দর্শনা থানা আমীর মাওলানা রেজাউল ইসলাম. দামুড়হুদা উপজেলা আমীর মোঃ নায়েব আলী, চুয়াডাঙ্গা সদর উপজেলা আমীর বেলাল হোসাইন, আলমডাঙ্গা উপজেলা আমীর মোঃ দারুস সালাম, সহ সকল শাখা আমীর ও সেক্রেটারীবৃ›দ্ব এবং ইসলামী ছাত্রশিবিরের চুয়াডাঙ্গা জেলা সভাপতি হাফেজ মোহসিন এমদাদুল্লাহ জামেন উপস্থিথ ছিলেন।